

জল-প্রহসন

শ্রীতরী চক্রবর্তী

সমুদ্র-প্রস্তাবটা ছিল অত্যুক্তি,
কিছুটা স্বেদাস্ত কোলাহলের সময় ছিলো, সফেন, ঢেউ-প্রসারিত, নির্নিমেষ...
তুমি তো আজ আছো জলরাশি উথলে আমার স্বপ্নের ভাসমান জাহাজের মাস্তুলে ইউরোপিয়ান শ্যাগ,
কিছুটা নোনা জলের ঝাপটায় চূর্ণ-বিচূর্ণ চুম্বনস্রোতে তো তুমিই আজ আছো,
নুলিয়াবস্তিতে যখন সন্ধ্যে নামবে,
নোনা-ধরা দেওয়ালে যখন লেগে থাকবে বাসি বিকেলের সুনন্দিত ক্ষত,
অষ্টপ্রহর সেতুবন্ধন গড়ে তুলবে কার জিন্মায় তুমি আর? কার সাথে সমুদ্রপ্লাবন যত?
"হেমন্তের সমুদ্র কেমন হয় শ্রীনন্দিতা?" মনে পড়ে বুদ্ধের ডাক,
বিহ্বল অঙ্গীকার, ঢেউ এর পরে ঢেউ অন্তর্লীন, মেঘপালকের মুগ্ধ চোখে সৃষ্টি,
ঠোঁটের কোণায় মুগ্ধ খুঁজছে...
"ওই যে দেখে নাও আজ আবার-শঙ্খচিলের ডানায় লেগে থাকা তোমার বিনুকের বোতাম..."
শিল্প, তুলি-পট, মেঘপালকের ঠোঁটে আজ আবার সেই ঢেউ-পিয়ানোর অনুরণন...